

অন্য শব্দ

কৌশিক রজক দাস

কাশফুলরাও মেঘের ডাকে চিঠি লেখে।
 চিঠির ভেতর জমাট আবেগ, দুঃখ-কথা
 মেঘের কাজ তো মনের খবর পৌঁছে দেওয়া
 খাম খুললেই নালিশ - বাক্য - নীরবতা....
 দুগ্লামায়ের আসার খবর সবাই জানে
 ঢাকগুলো সব ঢু-দিয়েছে সারা পাড়ায়-
 কাঁসর-ঘন্টা-শাঁখেরা সব বেজায় খুশি!
 তবুও গোপন বিষাদ জমছে বসুন্ধরায়....
 দীপক রাগে দীপগুলো সব গান ধরেছে
 আলোর খেলায় নেই পিছিয়ে টুনির দলও -
 মোমবাতিদের উৎসাহী-মন রাত জাগছে,
 চাঁদকে বলে, "দুগ্লামায়ের গল্প বলো!"
 উপরতলায় বাক্স-প্যাঁটরা প্রায় প্রস্তুত!
 লাগেজ গুলোও এক এক করে হচ্ছে ভারি!
 ছোট্ট গণেশ আহ্বাদ করে বলছে মা'কে -
 "আমি আমার পি•এস•পি টা নিতে পারি?"
 কার্তিকেরও নতুন নেশায় মন মজেছে!
 যেখানেই যাক সেক্সিস্টিক সঙ্গে থাকে!
 সরস্বতীর গীটার নিয়ে চলছে রেওয়াজ
 লক্ষ্মী আরও কিনছে গয়না সাজের ফাঁকে!
 বাহনগুলোর দস্যপনা দেখছে কে আর!
 সবাই মিলে 'লক্ষ্মী-প্রোডাক্টস্' করছে চুরি!
 সাজসজ্জার সে কি বাহার বাহন-গ্রুপের !
 শিবকে দেখে ছুট-লাগানোর হুড়োহুড়ি!
 এমন সময় কলিং-বেল এ 'টিং-টং' স্বর!
 অসুর আসছে হাতে নিয়ে দুঃসংবাদ!
 গোল-টেবিলে বসলো সবাই পড়তে চিঠি -
 মেঘের ডাকে স্বর্গে এলো কাশ-সংবাদ....
 কাশ বলছে, "মাগো আমার প্রণাম নিও",
 তোমার বুঝি এতক্ষণে সব প্রস্তুত?
 আমরা এখন ফুটতে গিয়েও পাচ্ছি বাধা -

বুকের ভেতর দুঃখগুলো সাজাচ্ছে স্তম্ভ!
 দূষণ এখন শহর জুড়ে- গ্রামের বুকেও
 আকাশ ঢাকছে কালো-কালো বিষের ধোঁয়ায়
 গাছগুলো আজ প্রাণের কাছেও পাচ্ছে সাজা
 এক নিমেষেই হারাচ্ছে প্রাণ নদীর ছোঁয়ায়!
 তোমরা এসে দেখবেটা কি- সবটাই ভুল!
 তোমার প্রিয় মানুষরা আর নেই তো মানুষ -
 এখন ওরা শুধুই নিজের আখের-গোছায়
 আমরা তো সব বঞ্চিত-প্রাণ-দাহ-ফানুস!
 বসুন্ধরা মায়ের কথায় লিখছি চিঠি -
 এমন দেশে আর এসো না মা-গো আমার!
 মানুষ এখন ধর্মের নামে দাঙ্গা করে!
 নেই পথ নেই এমন মিথ্যে লড়াই থামার!
 তুমি বরং অন্যকোথাও জীবন খোঁজো
 পারলে একটু ঠাই দিয়ো মা তোমার পায়ে
 আমরা যে আজ নির্দোষ, তবু খুব অসহায়!
 মানুষরা যে মৃত্যু সাজায় শহর-গাঁয়ে!
 প্রণাম জানাই আবার মা'গো-থেকো ভালো
 থাকলে বেঁচে আবার তোমায় দেবো চিঠি,
 তোমরা কিন্তু আর এসো না ধরাধামে!
 জীবন আগে! থাকুক ওসব মিথ্যে-রীতি!"
 চিঠি পড়ে নীরবতায় ঘর ভরলো....
 "মানুষরা কি এতো নীচে নামতে পারে ?"
 প্রশ্নটা যে সবার মনেই বাঁধছে বাসা -
 হুঁদুর বললো, "আর কি যাওয়া হচ্ছে না রে?"
 "হাঁস বললো, "যা শুনলাম! থাক যাবো না।"
 ভয় পাচ্ছে সিংহ-পেচক-ময়ূর-সাপ-ও!
 দুর্গা বললো, "বসুন্ধরায় যেতেই হবে!
 অসুর নয়। মানুষ! এবার রাস্তা-মাপো!"